

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০৭১.১৯.০৭/১

তারিখ: ০৩/০১/২০২২ খ্রি:

সভার নোটিশ

আগামী ০৬/০১/২০২২ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সকল সম্মানীত সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী:

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়করণ।
- ০২। উপজেলা পরিষদে অনুমোদনের নিমিত্তে প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
- ০৩। বিবিধ।



(মুহাম্মদ রাশিদুল ইসলাম)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য-সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

প্রাপক:

.....

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৪। অফিস কপি।

নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

অধিবেশন নং- ০৪/২০২১-২০২২

সভার স্থান: সভাপতি মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ, নেত্রকোণা।

তারিখ: ০৬/০১/২০২২ খ্রি:

সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

ক্র: নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব মো: আব্দুল খালেক তালুকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।	সভাপতি	
০২	জনাব মো: আ: জব্বার ফকির	চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা।	সদস্য	
০৩	জনাব ফরিদ আহমেদ ফকির	চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা।	সদস্য	
০৪	জনাব মো: আনোয়ার হোসেন	চেয়ারম্যান, কাইলাটি ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা।	সদস্য	
০৫	জনাব এআর আলী আজগর খান শারীফ	চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা।	সদস্য	
০৬	মুহাম্মদ রাশিদুল ইসলাম	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর, নেত্রকোণা।	সদস্য- সচিব	

অধ্যকার সভার সভাপতি জনাব মো: আব্দুল খালেক, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং দিনের আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম সাহেবকে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী-১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভায় ইউআরডিও সাহেব বিগত ০৪/১১/২০২১ খ্রি: তারিখ সভা কার্যবিবরণী পাঠ করে শুনান। এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচী-২ উপজেলা পরিষদে অনুমোদনের জন্য প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্য সূচী মোতাবেক ইউআরডিও সাহেব সভাকে জানান যে, উপজেলা পরিষদে ন্যস্ত বিআরডিবি কার্যালয় হতে উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি পরিচালিত হয়। প্রতিবছর বার্ষিক সাধারণ সভা ও বেশ কয়েকটি প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করতে হয়। এছাড়া ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ এই কার্যালয় হতে যেসব সেবাসমূহ দেয়া হয় তা নিতে প্রতিদিন উপজেলার বিভিন্ন এলাকা হতে ব্যাপক লোকের সমাগম হয়। এজন্য বিআরডিবি ভবনে একটি হলরুম ও পাবলিক টয়লেট রয়েছে। কিন্তু হলরুমটি বর্তমান অবস্থা এবং পাবলিক টয়লেটটি ব্যবহার অনুপযোগী অফিসে আগত পুরুষ সদস্যরা ব্যবহার করতে পারলেও মহিলাদের কোন ব্যবস্থা না থাকায় অনেক কষ্টের সনুখীন হতে হয়। এর সংস্কার করতে পারলে এসমস্যা হতে পরিত্রাণ পাওয়া যাবে এবং উপকারভোগী এলাকাসীরা ব্যাপক উপকার হবে। এছাড়া উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের প্রশিক্ষণ ও অনুষ্ঠানাদি এই হলরুমে আয়োজন করা যাবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ তহবিল হতে বিআরডিবি, নেত্রকোণা সদর কার্যালয়ের হলরুম ও পাবলিক টয়লেটটি সংস্কার করার বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয় এবং প্রস্তাবটি অনুমোদনের জন্য উপজেলা পরিষদে মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসূচী-৩: বিবিধ।

বিবিধতে কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০১/২০২২



মো: আব্দুল খালেছ তালুকদার
সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান


উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

তারিখ: ০৬/০১/২০২২ খ্রি:

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০১২.১৯.১০/১

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৫। অফিস কপি।



মুহাম্মদ রাশিদুল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য- সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।